কালীগঞ্জে শতাধিক বিএনপি কর্মীর আওয়ামী লীগে যোগদান

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার কোলা ইউপির দামোদরপুর গ্রামের শতাধিক বিএনপি কর্মী আওয়ামী লীগে যোগদান করেছে।

রবিবার রাতে এক আড়ম্বর পূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে তারা ঝিনাইদহ চার আসনের সাংসদ আনোয়ারুল আজীম আনার এর হাতে ফুল দিয়ে আওয়ামী লীগে যোগদান করেন। যোগদান কারীদের ভিতর অন্যতম ছিলেন দামেদরপুর ৮ নং ওয়ার্ডের মজিদ সরদার, চৌধুরী মিয়া, দেলোয়ার চৌধুরী, মোতালেব মিয়া, আতিয়ার রহমান, সবুজ হোসেন প্রমুখ।

এসময় অতিথিরা তাদের সাদরে আওয়ামী লীগে বরণ করে নেন, অতীত দ্বন্দ্ব ভুলে কাঁধে কাঁধ মিলিয়ে বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ে তোলার লক্ষে ঐক্যবদ্ধ হওয়ার অঙ্গীকার ব্যক্ত করেন।

এসময় উপস্থিত ছিলেন, কালীগঞ্জ উপজেলা ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী সহ স্থানীয় আওয়ামী লীগ নেতা কর্মীরা। যোগদানকৃত কর্মীরা আনোয়ারুল আজীম আনারকে “উন্নয়নের দার্শনিক রাজা ” উপাধি দিয়ে বাহবা দেন।

ঝিনাইদহে সিঁদুর খেলার মধ্যদিয়ে শেষ হলো শারদীয় দুর্গোৎসব

সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় উৎসব শারদীয় দুর্গোৎসবে দেবী দুর্গার বিসর্জনের আগে সিঁদুর খেলায় মেতেছিল সনাতন ধর্মের রমনীরা।

সোমবার দুপুরের দিকে ঝিনাইদহ শহরের বারোয়ারি পূজা মন্দির, কালীতলা পূজা মন্দির, চাকলা পাড়া পূজা মন্দিরসহ জেলার বিভিন্ন

মণ্ডপে মণ্ডপে চলে সিঁদুর কোটা যাত্রা, সিঁদুর খেলা।

সকালে পূর্জা অর্চনার পর দেওয়া হয় পুষ্পাঞ্জলি। এরপরই হিন্দু বিবাহিত নারীরা দেবীর পায়ে লাল টকটকে সিঁদুর নিবেদন করেন। পের সেই সিঁদুর একে অপরকে লাগিয়ে আগামী দিনের জন্য শুভ কামনা প্রার্থনা করেন।

শহরের বারোয়ারি পূজা মন্দিরে আসা পলি রানি মন্ডল নামের এক ভক্ত জানান, সিঁদুর কোটা যাত্রা, সিঁদুর খেলা’র মাধ্যমে নারীরা স্বামী ও সন্তানের দীর্ঘায়ু কামনা করেন।

পূজারীরা জানান, এ বছর জেলার ৬ উপজেলায় ৪০৩ টি মণ্ডপে দুর্গাপূজা অনুষ্ঠিত হয়েছে। দুপুরের পর দেবী বিসর্জনের মাধ্যমে শেষ হয় উৎসব। বিসর্জনের মধ্য দিয়ে ধরিত্রী থেকে স্বামীগৃহে ফেরেন দুর্গতি নাশিনী দুর্গা।

মহামারী করোনা ভাইরাস থেকে বিশ্ববাসিদের মুক্তি আর দুষ্টের দমন ও সৃষ্টের কল্যাণ করবেন তিনি এমনটি আশা করেন তারা।

ঝিনাইদহে নারী ও কিশোরীদের মাঝে স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী বিতরণ

ঝিনাইদহ নারী ও শিশুর প্রতি জেন্ডার ভিত্তিক নির্যাতন প্রতিরোধে স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী বিতরণ করা হয়েছে। রোববার সকালে শহরের চাকলাপাড়ায় সোস্যাল ওয়েলফেয়ার এ্যাডভান্সমেন্ট কমিটি সাকো’র সম্মেলন কক্ষে বাংলাদেশ রুরাল ইকোনমিক ডেভেলপমেন্ট ব্রেড নামের একটি স্বেচ্ছাসেবী সংগঠনের আয়োজনে এ উপকরণ বিতরণ করা হয়।

ব্রাক’র জেলা সমন্বয়ক রোকেয়া বেগম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক আব্দুল লতিফ শেখ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ সিটি কলেজের উপাধ্যক্ষ কাজী মাহবুবুর রহমান, জেলা সমাজসেবা কার্যালয়ের প্রোফেশনাল অফিসার আব্দুল হাই সিদ্দিক, ট্রাষ্ট ব্যাংকের প্রিন্সিপাল অফিসার আরিফুল ইসলাম, ব্রেড এর নির্বাহী পরিচালক শহিদুল ইসলাম, ঝিনাইদহ পৌরসভার সাবেক কমিশনার তারিকুল ইসলাম তারিক, সাকো’র নির্বাহী পরিচালক বশির উদ্দীন।

অনুষ্ঠানে ব্র্যাক’র সহযোগিতায় ব্রেড’র আয়োজনে নারী ও শিশুর প্রতি জেন্ডার ভিত্তিক সহিংসতা প্রতিরোধে জেন্ডার ভিত্তিক ন্যায় বিচারের প্রচার: পুরুষ এবং ছেলেদের সংযুক্তিকরণ নেটওয়ার্ককে শক্তিশালী করার মাধ্যমে বাংলাদেশের নারী ও শিশুদের প্রতি সহিংসতা হ্রাসকরণ প্রকল্পের উদ্যোগে করোনাকালীন ২৫০ জন নারী ও কিশোরীদের মাঝে স্বাস্থ্য সুরক্ষা উপকরণ বিতরণ করা হয়।

অপরদিকে ব্রাকের সহযোগিতায় ব্রেড এর আয়োজনে করোনা ভাইরাস প্রতিরোধে ১০ দিন ব্যাপী সচেতনতা মূলক মাইকিং কর্মসূচী পালিত হয়েছে। ২ টি রিক্সাযোগে আগামী ১০ দিন শহরের বিভিন্ন স্থানে স্বাস্থ্য সচেতনামূলক ও করোনা ভাইরাসে করনীয় নানা বিষয়ে মাইকিং করা হবে বলে জানান আয়োজকরা।

শৈলকুপায় বিনামূল্যে চক্ষু চিকিৎসা ক্যাম্পেইন

বিশ্ব দৃষ্টি দিবস-২০২০ উপলক্ষে ঝিনাইদহের শৈলকুপায় ফ্রী চক্ষু চিকিৎসা ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে। প্রায় ২’শ নারীর চক্ষু দেখা হয়। এদের মধ্যে ৫৫ জনের সানি অপারেশনের জন্য নেয়া হয়। বাকীদের ঔষধ ও চিকিৎসা সেবা দেয়া হয়। দিনব্যাপী বিশেষ নারী চক্ষু ক্যাম্পেইন হয় শৈলকুপার ব্র্যাক কার্যালয়ের মাঠে।

এসময় উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ সাইফুল ইসলাম, ব্র্যাকের ঝিনাইদহ জেলা প্রতিনিধি রোকেয়া বেগম, আন্তর্জাতিক সংস্থা সাইটসেভার্স এর প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা আল মামুন, খুলনা বিএনএসবি চক্ষু হাসপাতালের পাবলিক রিলেশনস কর্মকর্তা মীর

মিজানুর রহমান, ব্র্যাকের স্থানীয় প্রতিনিধি আজহার আলী প্রমুখ উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, আন্তর্জাতিক সংস্থা সাইটসেভার্সের অর্থায়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ন্যাশনাল আই কেয়ারের সার্বিক তত্ত্বাবধায়নে ব্র্যাক ও খুলনা বিএনএসবি চক্ষু হাসপাতালের মাধ্যমে “বাংলাদেশ জেলা চক্ষু সেবা কর্মসূচী- ভিশন বাংলাদেশ’ প্রকল্পটি দীর্ঘদিন ধরে ঝিনাইদহ জেলার মানুষদের চক্ষু সেবা প্রদান করে আসছে। যার ফলে বিনামূল্যে ও স্বল্পখরচে ছানি অপারেশনের মাধ্যমে বহু মানুষের অন্ধত্ব নিবারন হচ্ছে ।

শৈলকুপায় বিএনপির দু’গ্রুপের উত্তেজনা, পুলিশ মোতায়েন

ঝিনাইদহের শৈলকুপা উপজেলা বিএনপি ও অঙ্গ-সংগঠনের কমিটি গঠন নিয়ে দু’গ্রুপের মধ্যে চরম উত্তেজনা দেখা দিয়েছে। বিষয়টি নিয়ে গতকাল দুপুরে জেলা কমিটি ও শৈলকুপা উপজেলার নেতাদের বৈঠক হওয়ার কথা ছিল জেলা বিএনপির কার্যালয়ে। তবে বিবাদমান গ্রুপ গুলো শতশত কর্মী- সমর্থক সহ মারমুখি অবস্থান নিয়ে ঝিনাইদহে জেলা কার্যালয়ে উপস্থিত হলে উত্তেজনা দেখা দেয়।

এসময় বিপুল সংখ্যক পুলিশ মোতায়েন করা হয় দলটির জেলা কার্যালয়ের সামনে। এক পর্যায়ে পুলিশ হটিয়ে দেয় কর্মী-সমর্থকদের। পণ্ড হয়ে যায় বৈঠক। দলটির কেন্দ্রীয় বিএনপির মানবাধিকার বিষয়ক সম্পাদক এড. আসাদুজ্জামান আসাদ ও সাবেক এমপি আব্দুল ওহাবের কর্মী-সমর্থকদের মধ্যে এ বিরোধ চলছে।

বৈঠকের জন্য শৈলকুপা উপজেলা বিএনপির সদ্য ঘোষিত আহবায়ক আবুল হোসেন, যুগ্ম আহবায়ক রাকিবুল হাসান খান দিপু, কেন্দ্রীয় নেতা ওসমান আলী, মিজানু রহমান বাবলু, শৈলকুপা পৌর আহবায়ক আবু তালেব, মনিরুজ্জামান হিটু, হুমায়ুন বাবর ফিরোজ, সেলিম রেজা ঠান্ডু, রফিকুল ইসলাম, সাজ্জাদুর রহমান সাজ্জাদ প্রমুখ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান জানান, অনুমতি ছাড়া বিএনপির বিবাদমান গ্রুপগুলো বিপুল সংখ্যক কর্মী-সমর্থক জড়ো করায় হানাহানির আশঙ্কা দেখা দিলে তাদের হটিয়ে দেয়া হয়।

প্রসঙ্গত শৈলকুপা উপজেলায় বিএনপির থানা, পৌর ও ওয়ার্ড কমিটি গঠন নিয়ে নেতা-কর্মীদের মধ্যে চরম বিরোধ তৈরী হয়েছে। অভিযোগ উঠেছে দলটির ত্যাগী নেতাদের বাদ দিয়ে বিভিন্ন দল থেকে আসা নতুনদের নিয়ে কমিটি করা হচ্ছে।

সাবেক এমপি আব্দুল ওহাব জানান, বিএনপির কাছে অগ্রহণ যোগ্য সদ্য ঘোষিত কমিটি বাতিলের দাবিতে শতশত কর্মী নিয়ে ‘হটাও জাসদ, বাঁচাও বিএনপি’ শ্লোগানে তারা আন্দোলনে নেমেছে। এসব কমিটি বাতিল না হওয়া পর্যন্ত বিএনপির নেতা-কর্মীরা আন্দোলন চালিয়ে যাবে।

এর আগে কেন্দ্রীয় বিএনপির ধর্ম বিষয়ক সম্পাদক জয়ন্ত কুমার কুন্ডু, সাবেক এমপি ও জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুল ওহাব, কেন্দ্রীয় নেতা ওসমান আলী, উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক রাকিবুল হাসান খান দিপু প্রমুখ নেতা ঐকবদ্ধ হয়ে বৈঠক করেন। তারা শৈলকুপা উপজেলা বিএনপির সদ্য ঘোষিত আহব্বায়ক কমিটিগুলো বাতিলের দাবি জানান।

কোটচাঁদপুরে জেলা পরিষদের সদস্য হ্যাপীর পূজা মণ্ডপ পরিদর্শন

ঝিনাইদহের কোটচাঁদপুরে শারদীয় দূর্গাপূজা উদযাপন উপলক্ষে সনাতন ধর্মাবলম্বীদের সাথে মতবিনিময় ও পূজা মণ্ডপ পরিদর্শন করেছেন জেলা পরিষদের সদস্য, বকুল সিটি পার্কের চেয়ারম্যান এবং উপজেলার দোড়া ইউনিয়ন পরিষদের সম্ভাব্য চেয়ারম্যান প্রার্থী শামীম আরা হ্যাপী। রবিবার বিকাল থেকে রাত পর্যন্ত প্রায় ২’শ মোটরসাইকেল শোডাউন নিয়ে দোড়া ইউনিয়নের বিভিন্ন পূজা মণ্ডপ পরিদর্শন ও আর্থিক সহায়তা প্রদান করেন।

এসময় হ্যাপী বলেন, ধর্ম যার যার উৎসব সবার। দেশে করোনা সংক্রমণ রোধে সরকারের নির্দেশনা অনুযায়ী সনাতন ধর্মাবলম্বীদের বড় ধর্মীয় উৎসব শারদীয় দূর্গাপূজা উদযাপন করা হচ্ছে।

এই উৎসবে সরকারের পাশাপাশি তিনি নিজ অর্থায়নে প্রতিটি মণ্ডপে ১০হাজার টাকার চেক তুলে দেন দূর্গাপূজা উদযাপন পরিষদের নেতৃবৃন্দের হাতে। মতবিনিময় সভায় তিনি আসন্ন ইউপি নির্বাচনে দোড়া ইউনিয়ন পরিষদের সম্ভাব্য চেয়ারম্যান প্রার্থী হিসেবে সকলের সহযোগিতা ও দোয়া কামনা করেন।

এসময় উপস্থিত ছিলেন, বিশিষ্ঠ শিল্পপতি মহাসিন আলী বকুলসহ দোড়া ইউনিয়ন আ.লীগ ও অঙ্গ সংগঠনের বিভিন্ন নেতা-কর্মীরা।

ঝিনাইদহে পূজা মণ্ডপ পরিদর্শন করলেন পৌরমেয়র

ঝিনাইদহ পৌরসভাসহ জেলার বিভিন্ন পূজা মণ্ডপ পরিদর্শণ করেন জেলা প্রশাসক ও পৌরমেয়র সাইদুল করিম মিন্টু।

সনাতন ধর্মাবলম্বীদের সব চেয়ে বড় উৎসব দূর্গাপূজা এবার ঝিনাইদহের ৬টি উপজেলায় ৪০৯টি মন্দিরে অনুষ্ঠিত হচ্ছে।

গতকাল রবিবার বিকালে পৌরসভার দক্ষিণ চাকলাপাড়া পূজা মন্ডপ পরিদর্শন ও মহানবমীর পূজা অঞ্জলী অনুষ্ঠানে উপস্থিত সকলের সাথে শুভেচ্ছা বিনিময় করেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

এসময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ পৌরসভার মেয়র ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু। মেয়র গভীর রাত পর্যন্ত জেলার বিভিন্ন মন্ডপ পরিদর্শণ করেন।

এসময় তার সাথে ছিলেন ঝিনাইদহ জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক সারোয়ার জাহান বাদশা, ছাত্রলীগ, স্বেচ্ছাসেবক লীগ, কৃষকলীগ ও শ্রমীক লীগের নেতৃবৃন্দ।

অতিথিরা মন্ডপে মন্ডপে শারদীয় শুভেচ্ছা বিনিময় করেন ও তাদের হাতে আর্থিক সহযোগীতা প্রদান করেন।

হরিণাকুণ্ডুতে মণ্ডপে মণ্ডপে শারদীয় শুভেচ্ছা বিনিময় করেন উপজেলা চেয়ারমান

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে পূজা মণ্ডপ পরিদর্শণ করেন উপজেলা চেয়ারমান মোঃ জাহাঙ্গীর হোসাইন।

সনাতন ধর্মাবলম্বী সম্প্রদায়ের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে রোববার উপজেলার বিভিন্ন পুজা মণ্ডপে তিনি শারদীয় শুভেচ্ছা বিনিময় করেন।

মহামারি করোনা কালীন সময়ে সচেতনতার সাথে স্বাস্থ্যবিধি মেনে উপজেলার ২৯ পূজা মণ্ডপে এবার উৎসবমুখর পরিবেশে এ দূর্গোৎসব পালন করছেন সনাতন ধর্মাবলম্বী সম্প্রদায়ের মানুষ।

পূজা মণ্ডপে পরিদর্শন কালে উপজেলা পরিষদের চেয়ারমান সনাতন ধর্মাবলম্বী সম্প্রদায়ের মানুষের খোজ খবর নেন এবং তাদের মাঝে আর্থিক সহায়তা প্রদান করেন।

মহাসড়ক দখল করে চলছে গ্যারেজের কাজ, দেখার কেউ নেই

ঝিনাইদহ-যশোর মহাসড়কের সুগারমিল- দুলালমুন্দিয়ার মাঝামাঝি নতুন মার্কেট এলাকায় রাস্তা দখল করে চলছে গ্যারেজের কাজ। যে কোন সময়

ঘটতে পারে বড় ধরণের দুর্ঘটনা।

এমনি ভাবে হর হামেশায় চলছে সড়ক দখল করে ব্যক্তি মালিকানা প্রতিষ্ঠানের কর্মযজ্ঞ। এমনি ভাবে সড়ক দখল করে কাজ করার কারণ জানতে চাইলে ক্ষিপ্ত হচ্ছেন প্রতিষ্ঠান মালিকরা।

ছবির লোকটি একটি স্টিল প্লেনশিড নিয়ে এভাবে যশোর ঝিনাইদহ মহাসড়কের উপর রেখে হাতুড়ি দিয়ে পিটিয়ে সমান করছিলেন, আমি মোটরসাইকেলে আমার গ্রামে যাচ্ছিলাম, রাস্তায় যান চলাচলোও সাভাবিক ছিলো। প্রথমে ভেবেছি উনি রাস্তা পার হবেন, পরে খেয়াল করি তার পায়ের নিছে প্লেনশিড রয়েছে। হার্ড ব্রেক করে দাঁড়িয়ে যেতে হয় আমার।

ওনার কাছে রাস্তার উপর এ কাজ করছেন কেনো জানতে চাইলে তিনি সহ আরও কয়েকজন আমার উপর চড়াও হোন, পরে সাংবাদিক পরিচয় দিলে বলেন “যান ছবি তুলে পেপারে ছেপে দেন”। অবস্থা অনুকূলে না থাকায় আমি ও আমার বন্ধু ইয়াছিন দ্রুত জায়গা ত্যাগ করে নিজেদের গন্তব্যের দিকে এগিয়ে যাই।

কিভাবে এগুলো সম্ভব? এটা একটা ন্যাশনাল হাইওয়ে। আমার কথা বাদ দিলাম, ওনার উপর দিয়েও তো গাড়ি চলে যেতে পারে।

এগুলা কি দেখার কেউ নাই? নিরাপদ সড়কের দাবি আজও অধরা!

হরিণাকুণ্ডু’র এক মেধাবী ছাত্রী’র কিডনি বিকল

‘খাদিজার চোখে বাঁচার আকুতি’ ঝিনাইদহ জেলার হরিণাকুণ্ডু উপজেলার ঘোড়াগাছা লাল মোহাম্মদ মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণীর অত্যন্ত মেধাবী শিক্ষার্থী খাদিজা তুল কোবরা’র দুইটা কিডনিই নষ্ট হয়ে যাওয়ার পথে।

এখনই উন্নত চিকিৎসা না করালে তাকে বাঁচিয়ে তোলা সম্ভব হবে না বলে জানিয়েছেন ডাক্তার। খাদিজা একই উপজেলার কিসমত ঘোড়াগাছা

গ্রামের বিল্লল হোসেনের মেয়ে।

তিন সন্তান এবং স্বামী, স্ত্রী কোন রকম খেয়ে পরে চলে বিল্লালের পরিবার। মেয়ের এই কঠিন রোগের কথা শুনে তার মাথায় আকাশ ভেঙ্গে পড়েছে। ইতোমধ্যে বিল্লালের অনেক টাকা খরচ হয়ে গেছে। বর্তমানে সে ঢাকায় একটি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। মেয়েকে বাঁচাতে খাদিজার পিতা বিল্লাল হোসেন সমাজের বিত্তবানদের নিকট সাহায্যের আবেদন জানিয়েছেন।

সাহায্য পাঠাবার ঠিকানা মোঃ বিল্লাল হোসেন, সঞ্চয়ি হিসাব নং ৪৭৩৮, অগ্রনী ব্যাংক, হলিাধানী শাখা, ঝিনাইদহ। যোগাযোগের জন্য ০১৭৪৬-০৯১০০০ নং মোবাইলে ফোন করতে পারেন।